# নিরপেক্ষ প্রশাসন ছাড়া সুশাসন সম্ভব নয়: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

সুশাসন প্রতিষ্ঠায় নিরপেক্ষ প্রশাসনের প্রয়োজনীয়তার ওপর জোর দিয়েছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও বিএনপির সিনিয়র যুগ্ম-মহাসচিব রুহুল কবির রিজভী। তাঁর মতে, কার্যকর সুশাসনের অভাব হলে দেশ ব্যর্থ রাষ্ট্রের ঝুঁকিতে পড়তে পারে, যা বিদেশি হস্তক্ষেপের পথও উন্মুক্ত করে।

তিনি বলেন, জাতীয় ঐক্য অটুট থাকলে কোনো প্রভাবশালী শক্তিই দেশের ওপর আধিপত্য বিস্তার করতে পারবে না। বৃহস্পতিবার (২ এপ্রিল) দুপুরে নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে মহান স্বাধীনতা দিবস উপলক্ষে আয়োজিত এক আলোচনা সভায় তিনি এসব বক্তব্য দেন।

রিজভী আরও অভিযোগ করেন, অতীতে সরকার নিজেদের সুবিধামতো ইতিহাস তুলে ধরেছে। একই সঙ্গে তিনি দাবি করেন, প্রতিবেশী দেশ ভারত আমাদের মুক্তিযুদ্ধকে নিজেদের সঙ্গে পাকিস্তানের সংঘাত হিসেবে উপস্থাপনের চেষ্টা করেছে।

LENS ASIA